Through Knowledge towards Jannah

Islamic Online Madrasah – IOM

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

রিসার্চের বিষয়ঃ

অমুসলিমদের অপতৎপরতা ও আমাদের করণীয়

তত্ত্বাবধায়নেঃ

মাওঃ শারাফাত কারীম

রিসার্চ ডিপার্টমেন্ট

ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

জমা দিয়েছেনঃ

তারা মনি মিম

রোলঃ 227020490

৩০ নভেম্বর,২০২৪ ইং

Through Knowledge towards Jannah

Islamic Online Madrasah – IOM

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

রিসার্চের বিষয়ঃ

অমুসলিমদের অপতৎপরতা ও আমাদের করণীয়

এই রিপোর্ট টি ইসলামিক অনালাইন মাদ্রাসার ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজের একটি আনুসাঙ্গিক রিপোর্ট।

তত্ত্বাবধায়নেঃ

মাওঃ শারাফাত কারীম

রিসার্চ ডিপার্টমেন্ট

ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

জমা দিয়েছেনঃ

তারা মনি মিম

রোলঃ 227020490

Through Knowledge towards Jannah

Islamic Online Madrasah – IOM

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

প্রত্যয়ন পত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, " অমুসলিমদের অপতৎপরতা ও আমাদের করণীয় " বিষয়ক গবেষণাপত্র টি আমার তত্ত্বাবধানে ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ ডিপার্টমেন্ট থেকে তারা মনি মিম , আইডিঃ 227020490বিচক্ষনতার সাথে সম্পন্ন করেছেন।

(স্বাক্ষর)

(স্বাক্ষর)

তত্ত্বাবধায়নেঃ

মাও: শারাফাত কারীম
রিসার্চ ডিপার্টমেন্ট
ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

এক্সটারনালঃ

মুফতি: আব্দুল ওয়াহিদ
আকিদাহ ও ফিকহ ডিপার্টমেন্ট
ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

ঘোষণাপত্র

আমি নিম্নস্বাক্ষরকারী এ মর্মে ঘোষণা করছি যে, “ অমুসলিমদের অপতৎপরতা ও আমাদের করণীয় ” শিরোনামে এই গবেষণাপত্র ইসলামিক অনলাইন মাদ্রাসার (Islamic Online Madrasah – IOM) ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের মাও: শারাফাত কারীম উস্তাদের প্রত্যক্ষ তত্ত্বাবধানে ও নির্দেশনায় সম্পন্ন করেছি। অন্য কোন বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠানে কোন প্রকার ডিগ্রি/ডিপ্লোমা অর্জনের জন্য বা প্রকাশের জন্য গবেষণাপত্র সম্পূর্ণ কিংবা এর অংশবিশেষ উপস্থাপন করা হয়নি।

আমি আরও ঘোষণা করছি যে, এই গবেষণা কর্মটি আমার নিজস্ব মৌলিক রচনা। আমার জানা মতে ইতিপূর্বে আর কোন ব্যক্তি এই শিরোনামে কোন গবেষণাপত্র রচনা করেননি।

(স্বাক্ষর)

তারিখঃ

৩০ নভেম্বর, ২০২৪ ইং

তারা মনি মিম

আইডিঃ 227020490

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ।

ইসলামিক অনলাইন মাদ্রাসা।

সূচিপত্র

ভূমিকা:- 1

পাশ্চাত্য মুসলিম বিরোধী ষড়যন্ত্র ও অপতৎপরতা : 2

খ্রিস্টান মিশনারীদের অপতৎপরতাঃ 5

মুসলিম বিশ্বে ইহুদিদের চক্রান্ত ও অত্যাচার : 13

বিভিন্ন দেশে মুসলমানদের উপর অত্যাচার: 17

বাংলাদেশে নাস্তিক্যবাদী অপতৎপরতা : 21

কাদিয়ানী সম্প্রদায়ের অপতৎপরতা: 25

সাবায়ী মিশন ও তাদের অপতৎপরতা: 28

মুতাযিলা সম্প্রদায়ের অপতৎপরতা: 28

অমুসলিমদের অপতৎপরতায় আমাদের করণীয়: 30

উপসংহার: 32

সহায়ক পুস্তক: 33

ভূমিকা:-

يَأَيُّهَا الَّذِينَ ءَامَنُوا لَا تَتَّخِذُوا بِطَانَةً مِّن دُونِكُمْ لَا يَأْلُونَكُمْ خَبَالًا وَدُّوا مَا عَنِتُّمْ قَدْ بَدَتِ الْبَغْضَاءُ مِنْ أَفْوَاهِهِمْ وَمَا تُخْفِي صُدُورُهُمْ أَكْبَرُ قَدْ بَيَّنَّا لَكُمُ الْآيَاتِ إِن كُنتُمْ تَعْقِلُونَ

হে মুমিনগণ! তোমরা নিজেদের বাইরের কোনও ব্যক্তিকে অন্তরঙ্গ বন্ধু বানিয়ো না। তারা তোমাদের অনিষ্ট কামনায় কোন রকম ত্রুটি করে না। যাতে তোমরা কষ্ট পাও তাই তারা কামনা করে। তাদের মুখ থেকেই আক্রোশ বের হয়ে গেছে। আর তাদের অন্তরে যা-কিছু (বিদ্বেষ) গোপন আছে, তা আরও গুরুতর। আমি আসল বৃত্তান্ত তোমাদের কাছে স্পষ্টভাবে বর্ণনা করে দিলাম যদি তোমরা বুদ্ধিকে কাজে লাগাও! (৩:১১৮)

এই আয়াত ছাড়াও পবিত্র কুরআনের আরো বিভিন্ন আয়াতে মহান আল্লাহ তা'য়ালা আমাদের বারবার সাবধান করেছেন অমুসলিমদের অপতৎপরতা সম্পর্কে। আমরা একটু খেয়াল করলেই লক্ষ্য করবো বর্তমানে পৃথিবীর বিভিন্ন দেশের বিভিন্ন স্থানে মুসলমানরা নির্যাতিত হচ্ছে। মহান আল্লাহর বিধান লঙ্ঘনের জন্য অপচেষ্টা করা হচ্ছে। এমনকি মুসলমানদের ইসলাম ধর্ম থেকে স্থানান্তর করতে খ্রিষ্টান মিশনারিরা দেশে দেশে বিভিন্ন কৌশল অবলম্বন করছে। তারা বিভিন্ন জায়গায় বিভিন্ন সেবামূলক প্রতিষ্ঠান স্থাপন করে এবং সেবার নামে তাদের ধর্মে মানুষকে দীক্ষিত করছে।

আমাদের বর্তমান দুনিয়ার দিকে লক্ষ্য করলে দেখা যাবে যে এর অর্থনৈতিক, রাজনৈতিক, কূটনৈতিক, সামরিক সকলক্ষেত্রে ইহুদিরা এক বিশেষ স্থান দখল করে আছে। বৃহৎ অর্থনীতির দেশগুলো তাদের সাথে বন্ধুত্ব সম্পর্ক করে তাদের সব সাহায্য সহোযোগিতা করছে। ফলে ইহুদিরা দুনিয়ায় মুসলমানদের উপর বিভিন্ন অপতৎপরতায় ব্যস্ত। বিভিন্ন দেশের মুসলমানদের উপর অমানবিক নির্যাতনের চালাচ্ছে, মুসলিম দেশকে ভেঙে চূড়ে নিজেদের দখলে নিচ্ছে।

পূঁজিবাদী ব্যবস্থায় শাসিত পশ্চিমা বিশ্বেও মুসলমানদের জীবনযাত্রা খুব একটা কুসুমাস্তীর্ণ নয়। সেখানকার মুসলমানগণ ধর্মীয়,সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক বৈষম্যের শিকার। দুনিয়াজোড়া মুসলমানদের যে করুন অবস্থা তা তুলে ধরার চেষ্টা করা হয়েছে এখানে।

পাশ্চাত্য মুসলিম বিরোধী ষড়যন্ত্র ও অপতৎপরতা :

পাশ্চাত্য মুসলিম বিরোধী ষড়যন্ত্র বহুদিন ধরে চলে আসছে। পশ্চিমারা মোস্তফা কামাল আতাতুর্কের মাধ্যমে ইসলামের সাথে প্রকাশ্য যুদ্ধে অবতীর্ণ হয়। মোস্তফা কামাল সেদিন দম্ভ ভরে খেলাফত বিলুপ্তির ঘোষণা দেয়, খলীফা ও তার সভাসদকে ইস্তাম্বুল ও তুরস্ক থেকে বের করে দেয়, ইসলামের প্রতীকসমূহের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে, আরবী ভাষায় আযান দেয়া নিষিদ্ধ করে। আরবীর স্থলে ল্যাটিন ভাষায় আযান দিতে বাধ্য করে, প্রকাশ্যে হিজাব পরে চলতে বিধিনিষেধ আরোপ করে, সরকারী কোন প্রতিষ্ঠানে মাথা ঢেকে প্রবেশের অনুমতি দেয়নি, সরকারের পুলিশ বাহিনী হিজাব ও ওড়নাপরা মহিলাদের কাছ থেকে তাদের হিজাব ও ওড়না ছিনিয়ে নিত, অধিকন্তু ছিঁড়েও ফেলত, হজ নিষিদ্ধ ঘোষিত হয় এবং এ নিষেধ ২৪ বছর বলবৎ থাকে। তুরস্কের লোকেরা হজ করার অনুমতি পায় ১৯৪৬ এর পর। অর্থাৎ, মুসলমান তুর্কীদের অন্তরে ইসলামী অনুভূতি আছে কিনা তা আমেরিকা পরীক্ষা করে দেখার পর। মসজিদকে যাদুঘরে রুপান্তরিত করা হয়। তুরস্কের সর্ববৃহৎ ও সবচেয়ে অধিক সুন্দর মসজিদ 'আয়া ছুফিয়া'কে যাদুঘরে রূপান্তরিত করা হয় এবং তাতে নামায নিষিদ্ধ ঘোষিত হয়। এ মসজিদ পৃথিবীতে ইসলামী স্থাপত্যকলার অন্যতম উপহার বলে বিবেচিত হতো।এ সময় মোস্তফা কামাল আলেমদের এক মহাসমাবেশের আহবান করে তাদের কাছে রাষ্ট্র থেকে দীনকে পৃথকীকরণ ও খেলাফত বিলুপ্তির বিষয়টি পেশ করে। আলেমগণ তার এ প্রস্তাব প্রত্যাখ্যান করে। ফলে সে তাদের যাকে পায় হত্যা করে এবং যারা পালিয়ে যেতে সক্ষম হয় তারা পালিয়ে যায়।

ইসলামের প্রতি তার এ শত্রুতা যারা দীনকে উপলব্ধি করে, তাদের সামনে সুস্পষ্ট থাকে। সে বাস্তবেই দীনকে রাষ্ট্র থেকে বিচ্ছিন্ন রাখে এবং জামাআতে নামায পড়ার উপর পর্যন্ত বিধি নিষেধ আরোপ করে।

ইসলামের বিরুদ্ধে লড়াইয়ের পাশ্চাত্যের নতুন পরিকল্পনা হল, এখন থেকে ইসলাম উৎখাতের লড়াই নেপথ্যে থেকে করতে হবে। প্রকাশ্যে এ দীনের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করা যাবে না। মুসলমানদের মসজিদ নির্মাণ ও মিনার উঁচু করছে, করতে অনুমতি দাও, শাসকদেরকে মসজিদ উদ্বোধনের ফিতা কাটতে দাও, কল্যাণ ও সেবামূলক সংস্থা প্রতিষ্ঠা ও পরিচালনার সুযোগ দাও কিন্তু সাথে সাথে ময়দান ও রাজ পথকে সর্ব প্রকার ইসলামী আন্দোলন থেকে পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য তাদেরকে বাধ্য কর। ইসলামী আন্দোলনকে অঙ্কুরেই ধ্বংস করার জন্য পাশবিক যুলুম-অত্যাচারের ষ্টীম রোলার অপ্রতিহত গতিতে চালানোর জন্য শাসকদের প্রতি চাপ প্রয়োগ কর। এ পরিকল্পনা মাফিক কাজ করার জন্য তারা আরব বিশ্বের বিভিন্ন অংশে সামরিক অভ্যুত্থান ঘটায়। ফলে দীনকে পৃথিবীতে পুনরায় প্রতিষ্ঠিত করার জন্য যে সব ব্যক্তিবর্গ আত্মপ্রকাশ

করেছেন, তাদেরকে বিভিন্ন অপবাদ দিয়ে হত্যা করা হয়েছে ও ইসলামী আন্দোলনের মাঝে বিভক্তি সৃষ্টি করে একটির বিরুদ্ধে আরেকটিকে উসকে দেয়া হয়েছে। এ ক্ষেত্রে তাদের প্রথম উদ্যোগ প্রকাশ পায় মার্কিন রাষ্ট্রদূত দ্বারা আরব অঞ্চলে তাদের অনুগত দালাল সৃষ্টির মাধ্যমে। ১৯৪৯ এর মার্চ মাসের মার্কিন ইঙ্গিতে অভ্যুত্থানের মধ্যে দিয়ে সিরিয়ায় হুসনী যঈমের আত্মপ্রকাশ ঘটে। দেখুন ১৯৪৯-এর ফেব্রুয়ারীতে শায়খ হাসান আলবান্নাকে হত্যা করা হয় আর এর দু'দিন পর মিশর, সিরিয়া ও জর্দান ইসরাঈলের সাথে 'রুডস' চুক্তিতে স্বাক্ষর করে এবং ইয়াহুদীদের জন্য একটি নির্দিষ্ট সীমানার রাষ্ট্রের স্বীকৃতি প্রদান করে। অন্যদিকে জ্ঞান-বিজ্ঞানের রাজধানী কায়রোতে দু'বছর ধরে দমন নিপীড়নের পরেও ইসলামী আন্দোলনকে পরিপূর্ণ নির্মূল করা সম্ভব হয়নি। তাই তারা ভাবল এ ইসলামী আন্দোলনকে নির্মূল করতে একজন জনপ্রিয় স্বদেশী বীর গাদ্দারের প্রয়োজন। ফলে তারা জেফার্সনের মাধ্যমে অভ্যুত্থান ঘটিয়ে নতুন সফল দালাল আবদুন নাসেরকে নিয়ে আসল। মাইলফ কোপলন্ড তার বই 'জাতি সমূহের খেলা'তে উল্লেখ করেছেন, 'আবদুন নাসের আমাদের খেলায় শতে নব্বই ভাগের চেয়ে বেশী সফলতা প্রদর্শন করেছে। আর সে ই হচ্ছে
আমাদের উদ্দেশ্য সাধনে সবচেয়ে বেশী সফলকাম'। সে ইসলামী আন্দোলনকে দমন করেছে, কুরআন-সুন্নাহর শাসন থেকে দেশকে মুক্ত রেখেছে, আল আযহারকে তার লক্ষ্য-উদ্দেশ্য থেকে দূরে রেখেছে, পাঠ্যসূচীতে পরিবর্তনএনেছে এবং ইসরাঈলের নিরাপত্তা বিধান করেছে।

পশ্চিমাদের শোষণ থেকে বাঁচতে আফগানরাও দীর্ঘদিন যুদ্ধ করে গেছে।আফগানরা ১৯৭৮ থেকে ১৯৮৮ জিহাদ বিরামহীনভাবে চালিয়েছেন। কা'বার তাওয়াফের মত আফগানিস্তানে জিহাদও এক মুহূর্তের জন্য বন্ধ হয়নি। দিন-রাত ও গরমকাল শীতকালে কা'বার তাওয়াফ এক মুহূর্তের জন্যেও বন্ধ হয় না। অনরূপ আফগানিস্তানেও এক মুহূর্তের জন্যেও জিহাদ বন্ধ হয়নি। কোন না কোন এলাকায় গুলি ছোঁড়া হচ্ছে। আমি মনে করি না এ দীর্ঘ চৌদ্দ বছরে এক মুহূর্তের জন্যে আফগানিস্তান লড়াই থেকে মুক্ত ছিল। তাই মনে করবেন না যে, রাশিয়া এমনিতে বের হয়ে গেছে। পত্রিকায় লেখা হয়েছে যে, রাশিয়া আফগানিস্ত ান থেকে তার সৈন্য প্রত্যাহার করে নিয়েছিলো। রাশিয়া তার সৈন্যদের এমনিতে প্রত্যাহার করে নেয় নি। সে লজ্জাকর পরাজয় বরণ ও নিজেকে ধ্বংস করার পর আফগানিস্তান থেকে বের হতে চেয়েছিলো।আফগানদের উপর ষড়যন্ত্র হিসেবে জার্মান ও ফ্রান্সের অনেক চিকিৎসক চিকিৎসার নামে আফগান মহিলাদের জরায়ু কেটে ফেলেছিলো, যাতে তারা গর্ভবতী হতে না পারে। মহিলারা বাচ্চা প্রসবের জন্য তাদের চিকিৎসালয়ে গেলে বাচ্চা প্রসব শেষে তাদের জরায়ু কেটে ফেলা হয়। কারণ, তারা আফগানদের বংশ বৃদ্ধিতে শংকাগ্রস্থ। জন্ম নিয়ন্ত্রণের ট্যাবলেট আফগানিস্তানে খুব জোরেশোরে বিতরণ করা হয়েছে। আফগান মহিলারা তাদের কাছে এসে মাথা ব্যথার কথা বললে তারা জন্মনিয়ন্ত্রণ বড়ি

খাইয়ে দেয়। আমাদের ভাই ডাক্তার সালেহ মাজারশরীফ ও বলখে গিয়েছিলেন। তিনি বলেছেন, আমি সেখানে যে জিনিসটি বেশী বিতরণ করতে দেখেছি, সেটা হচ্ছে জন্মনিয়ন্ত্রণ ও বন্ধ্যাকরণ ট্যাবলেট এবং মাদক। পাশ্চাত্যের চিকিৎসকরা মুজাহিদদের মাঝে মাদক বিতরণ করছে। কেউ এসে পেটের ব্যথার কথা জানালে তারা তাকে মাদকের ট্যাবলেট খাইয়ে দেয়। কারণ,তারা আফগানদের ইউরোপ দখল করার ভয় করছে।

আফগানিস্তানে 2001 থেকে 2021 সাল পর্যন্ত সশস্ত্র সংঘাত সংঘটিত হয়েছিল। 11 সেপ্টেম্বরের হামলার সরাসরি প্রতিক্রিয়া হিসাবে শুরু হয়েছিল, যুদ্ধ শুরু হয়েছিল যখন মার্কিন যুক্তরাষ্ট্রের নেতৃত্বে একটি আন্তর্জাতিক সামরিক জোট আফগানিস্তান আক্রমণ করেছিল। অপারেশন স্থায়ী স্বাধীনতার ঘোষণা করেছিল। পূর্ব ঘোষিত সন্ত্রাসের বিরুদ্ধে যুদ্ধ, তালেবান শাসিত ইসলামিক এমিরেটকে পতন, এবং তিন বছর পর ইসলামিক প্রজাতন্ত্র প্রতিষ্ঠা পায়। সংঘাত আনুষ্ঠানিকভাবে 2021 সালে তালেবান আক্রমণের সাথে শেষ হয়েছিল, যা ইসলামিক প্রজাতন্ত্রকে উৎখাত করেছিল এবং ইসলামী আমিরাত পুনঃপ্রতিষ্ঠিত করেছিল। এটি ছিল মার্কিন যুক্তরাষ্ট্রের সামরিক ইতিহাসের দীর্ঘতম যুদ্ধ, যা ভিয়েতনাম যুদ্ধের (1955-1975) দৈর্ঘ্যকে প্রায় ছয় মাস অতিক্রম করেছে।

মুসলিম বিশ্বে ইসলাম বিরোধী তৎপরতা ও আন্দোলন কীভাবে মাথা চাড়া দিয়ে উঠেছে,সে ব্যাপারে পর্যালোচনা করলে দেখা যাবে ইসলাম বিরোধী এসব আন্দোলনের জন্ম মূলত ময়দানে ইসলামের অনুপস্থিতির সুযোগেই হয়েছে।পশ্চিমা প্রচার মাধ্যমের আধিপত্যের সামনে মুসলমানদের চিন্তার জগতে শূণ্যতার সৃষ্টি হয়। ক্রুসেডের অভিজ্ঞতা থেকে ইউরোপ বুঝতে সক্ষম হয়েছিলো যে, যুদ্ধের মাধ্যমে এ উম্মাহকে বশে আনা সম্ভব নয় এবং যতক্ষণ পর্যন্ত আল্লাহু আকবারের ধ্বনি তাদেরকে আন্দোলিত করবে, ঈমান যতক্ষণ পর্যন্ত তাদের অন্তর্জগতে আসন গেড়ে বসবে, ততক্ষণ পর্যন্ত তাদেরকে কাবু করা সম্ভব পর নয়।এজন্য তারা কৌশলে মুসলিম জাতির বিনাশের চেষ্টা চালিয়ে যাচ্ছে।

খ্রিস্টান মিশনারীদের অপতৎপরতা:

পবিত্র কুরআনের অপব্যখ্যা:

ইদানীং তাদের ঘৃণ্য প্রতারণা ও ধোকাবাজী চরমে পৌছেছে। তারা কুরআনের বিভিন্ন আয়াতের আংশিক প্রয়োগ এবং নিজেদের মনগড়া বানোয়াটি অনুবাদ ও বাইবেলের স্বপক্ষে অপব্যাখ্যা দিয়ে নানা রকম পুস্তিকাদি প্রকাশ ও প্রচার করছে। যেমন ত্রিত্ববাদের মাঝে আল্লাহ এক, ইঞ্জিল ও কুরআনের ঈসা কালিমাতুল্লাহর ব্যক্তি সত্তা রক্তমাংসের দেহে আবৃত, আমরা কিভাবে সালাত কায়েম করি? তারা এখন তাদের বইয়ে সরাসরি কুরআনের আরবি আয়াত সংযোজন করছে। মুসলমানরা কুরআনের আয়াতকে সম্মান করে বলে তাদের ঘরে মিশনারীদের রচিত বই পুস্তক স্থান পায়। কুফর-সমৃদ্ধ তাদের এ বইগুলো পড়ে সরল মনের সাধারণ মুসলমানরা বিভ্রান্ত হয় এবং ঈমান-আমল হারিয়ে চিরস্থায়ী জাহান্নামের পথ ধরে। এভাবে মিশনারীগুলো তাদের (ঈমান ধ্বংসের) লক্ষ্যে পোঁছতে সক্ষম হয়। তাদের প্রত্যেক বইয়ের শেষে প্রশ্নপর্ব থাকে। সেগুলোর উপর প্রদানে আরো বই ও উপহারের আশ্বাস দেয়া হয়। বইয়ের বিকৃত বিষয়ের কোনো প্রশ্ন করার সুযোগ নেই। তাবুও কেউ প্রশ্ন করলে তারা নীরবতার কৌশল অবলম্বন করে। এভাবে যে কোনো মূল্যে পাঠক থেকে মিথ্যার সাক্ষ্য নিয়ে কুফূরীর পক্ষে স্বীকৃতি আদায় করে নেয়।

মুসলিম ঐতিহ্যবাহী নক্সা নকল:

খ্রিস্টান মিশনারীরা তাদের ‘কিতাবুল মোকাদ্দাস’ ও ‘ইঞ্জিল শরীফ’ এর মলাট সম্পূর্ণ ইসলামী ঐতিহ্যের ধারক প্রচ্ছদে অলংকৃত করে প্রকাশ করেছে। বিভিন্ন রঙের সুদৃশ্য কভারের উপর সোনলীরঙের ইসলামী ধাঁচের প্রচ্ছদ দেখে এটাকে পবিত্র কুরআনের তাফসীর বা হাদীস গ্রন্থ বলে ভুল করা অস্বাভাবিক নয়। তারা এখন তাদের যাবতীয় ধর্মীয় বই-পুস্তক, পত্র-পত্রিকা পত্রাদির প্রচ্ছদ, মসজিদ, কালেমা, আবরী বর্ণের শৈল্পিকনক্সা দ্বারা অলংকৃত করার অপকৌশল অবলম্বন করছে। এমনকি ইসলামের মৌলিক বিষয়াদি যেমন: পর্দা, নামায, নারীশিক্ষা, অযু ইত্যাদিকে বিকৃত উপস্থাপনে ও বক্তব্যে সমৃদ্ধ করে বই প্রকাশ করে চলেছে। এইসব বইয়ের মাধ্যমে মুসলমানদেরকে খ্রিস্টান বানায়। নকল করে মুসলিম ঐতিহ্যবাহী নক্সা।

যে সব বইয়ের মাধ্যমে মুসলমানদের খ্রিস্টান বানায়:

খ্রিস্টানরা তাদের বাইবেল দ্বারা মুসলমানদের দাওয়াত দেয় না। দাওয়াত দেয় মুসলমানদেরকে ধোঁকা দিয়ে। ইসলামী পরিভাষা ব্যবহার করে। কুরআনের আয়াতের অপব্যাখ্যা করে। তারা যে সব বই দ্বারা মানুষকে বিভ্রান্ত করে তার মধ্যে কয়েকটি নিম্নে পাঠকদের খেদমতে পেশ হলো। বইগুলো দেখলে মনে হয় না যে, এগুলো খ্রিস্টানদের বই। মানুষকে এগুলো ইসলামী বই বলে বুঝিয়েই মুলত খ্রিস্টান বানায়।

নাম: বাণী এবং বাণী বাহক।

বই সম্পর্কে : এই বইটি দুইটি খন্ড বিভক্ত। বইটির এক পৃষ্ঠায় মক্কামুকার্‌রমার ছবি। অপর পৃষ্ঠায় হলো মদিনা মুনাওয়ারার ছবি। এই বইটি মুলতো মুসলমানদেরকে ধোঁকা দিয়ে দাওয়াত দেওয়ার জন্য তারা ব্যবহার করে থাকে। বইটি শুরু করেছে সুরা ফাতেহা দিয়ে। শেষ করেছে খ্রিস্টধর্মের দাওয়াত দিয়ে। যেমন ‘ইহ্‌দিনাসসীরাতাল মুস্তাকিম’ এর ব্যাখ্যা করতে গিয়ে খ্রিস্টধর্মের দাওয়াত দিয়েছে এবং প্রমান করার চেষ্টাকরেছে যে সীরাতে মুস্তাকীম হলো খ্রিস্টধর্ম। উধৃতি দিয়েছে

বাইবেলের। মানুষ বইটি সংগ্রহ করে মনে করে ইসলামী বই। মুলত এটি হলো খ্রিস্টানদের বই। আল্লাহ তাআলা আমাদেরকে তাদের চক্রান্ত থেকে হেফাজত করুন। আমিন।

নাম: গুনাহগারদের জন্য বেহেশতে যাওয়ার পথ।

বই সম্পর্কে :বইটি মুসলত খ্রিস্টানদের লেখা। বইটি বাহ্যিক ভাবে দেখলে মনে হয়, এটি কোনো ইসলামী বই। মূলত, এটি কোনো ইসলামী বই নয় বরং এটি হলো খ্রিস্টানদের একটি বই। এই বই দ্বারা খ্রিস্টানরা মুসলমানদেরকে দাওয়াত দেয়। বইটিতে কুরআনের আয়াতকে অপব্যখ্যা করে মুসলমানদেরকে বিভ্রান্ত করেছে। বইটিতে অনেকগুলো কুরআনের আয়াত নিয়ে এসেছে, কিন্তু অর্থের মধ্যে বিকৃতি করেছে। ভুল অনুবাদ ও ভুল ব্যখ্যা দিয়েছে। বইটি পড়লে মনে হয় অনেক যুক্তিসংগত কথা, কিন্তু মতলব খুবই খারাপ। আল্লাহ আমাদেরকে তাদের চক্রান্ত থেকে বাচার তৌফিক দান করুন। আমিন।

নাম: কুরআনের আলোকে বেহেশতে যাওয়ার পথ।

বই সম্পর্কে : বইটি খ্রিস্টানদের একটি বই। মুসলমানদেরকে ধোঁকা দেয়ার জন্য ইসলামী পরিভাষা দিয়ে বইটি রচনা করেছে। এই বইটির মাঝে কুরআনের অপব্যাখ্যা করছে। ভুল অনুবাদ দিয়ে মানুষকে প্রতারিতকরছে। বইটিতে কুরআনের আয়াত লিখে, তার অনুবাদ লিখার পর তাদের নিজস্ব বক্তব্য লিখেছে। আল্লাহ তা'আলা তাদের প্রতারণা থেকে আমাদেরকে বাঁচার তৌফিক দান করুন।

নাম: আল্লাহর কালামের নির্ভরযোগ্যতা ও বিশুদ্ধতা।

বই সম্পর্কে : বইটি মূলত খ্রিস্টানদের। দেখতে মনে হয় কোনো মুসলমানের বই। এটা মুসলমানরদেরকে ধোঁকা দেওয়ার জন্য। এই বইয়ের মধ্যে বিভিন্ন দলিল প্রমান পেশ করেছে, যেই দলিলের কোনো ভিত্তি নেই। বইটির মধ্যে যা রয়েছে, কিতাবুলমোকাদ্দসের বিপক্ষে অভিযোগের জবাব, অভিযোগের জবাবের তফসির। ঈসা মসীহর পরিাচয়, ঈসা মসীহ্ কি সত্যিই ক্রুশবিদ্ধ হয়েছিলেন? ক্রুশবিদ্ধ হওয়ার দলিল, ইত্যাদি তাদের বিশ্বাসগুলো প্রমানিত করেছে কিন্তু মুসলিমদের পরিভাষা ব্যবহার করে।

নাম:কুরআনের আলো

বই সম্পর্কে : বইটি খ্রিস্টানদের একটি বই। মুসলমানদেরকে ধোঁকা দেয়ার জন্য ইসলামী পরিভাষা দিয়ে বইটি রচনা করেছে। প্রচ্ছদে লাল রঙে আরবীতে লিখেছে 'আন্নুরু লিল কুরআন'। একজন মুসলমান প্রচ্ছদটি দেখেই মনে করবে এটা একটি মুসলমানের বই। এই বইটির মাঝে কুরআনের অপব্যাখ্যা করছে। ভুল অনুবাদ দিয়ে মানুষকে প্রতারণা করছে। বইটিতে কুরআনের আয়াত লিখে, তার অনুবাদ লিখার পর তাদের নিজস্ব বক্তব্য লিখেছে। তারা মূলত একই বিষয়ের কিতাব বিভিন্ন নামে প্রকাশ করে। বিষয় বস্তুও প্রায় সবগুলোর সমান। আল্লাহ তাআলা তাদের প্রতারণা থেকে আমাদেরকে বাঁচার তৌফিক দান করুন।

নাম: ইমামদের জন্য কিতাবুল মুকাদ্দসের প্রশিক্ষণ।

বই সম্পর্কে : বইটি মূলত লেখা হয়েছে মুসলমান থেকে যারা খ্রিস্টান ফাদার হয় বা প্রচারের কাজ করে তাদের জন্য। বইটি লিখেছেন ডঃ ডেনিস জে.মক। তিনি একজন ফাদার। যিনি মিনিস্টার অব এডাল্ট এডুকেশন ও মিনিস্টার অব বাইবেল টিচিং এন্ড ট্রেইনিং হিসেবে আমেরিকার জর্জিয়া রাজ্যেও আটলান্টায় ফাস্ট ব্যাপটিস্ট চার্চে ১৯৮৫ সনের জানুয়ারি থেকে ১৯৯৫ সনের অক্টোবর পর্যন্ত ফাদারের দায়িত্ব পালন করেন। এর পরথেকে তিনি প্রচারকদের প্রশিক্ষণ নিয়ে গবেষণা

করেন এবং এ নিয়েই ব্যস্ত থাকেন। এই বইটিতে কিতাবুল মুকাদ্দাসকে সহজভাবে বোঝারজন্য বিভিন্ন কোর্সের নিয়মে বইটি সাজিয়েছেন। প্রচারের বিভিন্ন পদ্ধতিও এই বইয়ে স্থান পেয়েছে। বইটি মুলত খ্রিস্টানদের একটি বই। মুসলমানদের পরিভাষাদিয়েই তা লিখা হয়েছে। বিভিন্ন ছক দিয়ে বইটিতে প্রচারের প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

নাম: আল্লাহর বান্দা। প্রথম ভাগ- মানুষের হক।

বই সম্পর্কে : বইটি দেখতে মনে হয় কোনো মুসলমানের বই। বইটি মূলতো খ্রিস্টানদের লেখা। আরবীতে তাওরাতে মুসা"ও লেখা। বইটি পচ্ছদ দেখেই মানুষ ধোঁকা খাবে। বইটিতে প্রথমে ইসলামের কথা লিখেছে। পরে বাইবেলের ও খ্রিস্টধর্মের দাওয়াত দিয়ে বইটি শেষ করেছে।

নাম: ২৫টি মজার গল্প কিতাবুল মুকাদ্দাসের আলোকে ।

বই সম্পর্কে : বইটি খ্রিস্টানদের একটি বই। শিশুদের মস্তিস্ক বিকৃত করার জন্য গল্পের আকারে খ্রিস্টধর্ম শিশুদের কাছে প্রচার করে। বইটিতে সুন্দর সুন্দর ছবি দিয়ে সাজানো হয়েছে। গাজিপুরে এক মাদরাসায় ছাত্রদেরকে বিকেল বেলায় এই বইগুলো বিনা মূল্যে বিতরতণ করা হয়। পরবর্তীতে উস্তাদগণ বুঝতে পেরে তাদের থেকে বইগুলো জমা নিয়ে নেন। কারণ শিশুরা মানষিক ভাবেই গল্প পছন্দ করে। এধরণের আরো অনেক বই আছে, যেমন ১০০টি মজার গল্প।

নাম: ঈসায়ী যোগাযোগ।

বই সম্পর্কে :বইটিতে রয়েছে মুসলমানদেরকে কিভাবে খ্রিস্টধর্মে আকৃষ্ট করবে, দাওয়াত দিতে কি কি বাধা হতে পারে ও তা কাটানোর উপায় কি? দাওয়াত দেওয়ার পদ্ধতি কি? ইত্যাদি বিষয়ে লেখা ।

নাম: আল্লাহতাআলার মহব্বত ।

বই সম্পর্কে : বইটিতে ইসলামী পরিভাষা ব্যবহার করেখ্রিস্টধর্মের দাওয়াত দেওয়া হয়েছে।

নাম: নবি ইবরাহিমের ধর্ম কি ছিল?

বই সম্পর্কে :বইটি হলো খ্রিস্টানদের লেখা। বইটিতে ইবরাহিম আ. এর সম্পর্কে আলোচনা করেছেন। বইয়ে ইব্রাহীম আ. সম্পর্কে ইয়াহুদী খ্রিস্টান ও মুসলিম সকলের বিশ্বাসকে একত্রিত করে কৌশলে খ্রিস্টধর্মের দাওয়াত দিয়েছে।

নাম: ইসমাইল এর ঈমান ।

বই সম্পর্কে : বইটি হলো খ্রিস্টানদের একটি বই। মুসলমানদেরকে প্রতারিত করার জন্য বইটি ইসলামী পরিভাষায় লেখা হয়েছে। বইটির ইনার পেজে শুরুতে আরবীতে 'বিসমিল্লাহির রাহমানির রাহীম' লিখা আছে। এর পর বাংলায় লেখা আছে আসসালামু আলাইকুম। এর পর আবার আরবীতে লেখা আছে ''ইহদিনাস সিরাতাল মুস্তাকিম।'' যে কোনো ব্যক্তি বইটি দেখলে মনে করবে এটা কোনো বড় আলেমের লেখা বই। এটা কোনো ইসলামী বই। একটি সাক্ষাৎকারের ভঙ্গিতে বইটি সাজানো হয়েছে। বইটি মুলত খ্রিস্টানদের একটি বই। আল্লাহ তাআলা আমাদেরকে তাদের চক্রান্ত থেকে হেফাজতে থাকার তৌফিক দান করুন।

নাম: বেহেস্তী মানুষ ।

বই সম্পর্কে: বইটি মুলত ইউন নামে একজন চীনা খ্রিস্টানের জীবন কাহিনী। বইটি অনুবাদ করেছে ইসলামী পরিভাষায়। বইটিতে খ্রিস্টান প্রচারকের নির্যাতনের কাহিনী তুলে ধরেছে। এবং

জীবনীমুলক কথা বলে উপন্যাসের ভঙ্গিতে বইটিতে খ্রিস্টধর্মের দাওয়াত দিয়েছে। বইটি খ্রিস্টান প্রচারকরা সাধারণ মানুষের কাছে প্রচার করে।

নাম: বাইবেলের চব্বিশটি গল্প। লেখক: জর্জ ও মে ইন্‌গ্রাম ।

বই সম্পর্কে:বইটি মুলত খ্রিস্টধর্ম প্রচারের জন্য লেখা। বইয়ের ইনার পেজের শুরুতেই লেখা আছে গ্রামে প্রচারের জন্য। বইটির নাম দেওয়া হয়েছে বাইবেলের চব্বিশটি গল্প, কিন্তু বইটিতে লেখা যীশুর জন্ম, তার মা মেরীর জীবনী এবং যীশুর প্রতি ঈমান আনা ও খ্রিস্টধর্মের প্রতি দাওয়াত দেওয়াই হলো বইয়ের মূল বিষয়। এমন ছদ্মনামে তারা বই প্রচার করে কিন্তু লেখা থাকে খ্রিস্টানদের দাওয়াত।

নাম: আনন্দের পথ । লেখক: বইয়ে নাম নেই ।

বই সম্পর্কে : অনুশীলনের মাধ্যমে মুরতাদদেরকে খ্রিস্টধর্ম শেখায়।

খ্রিস্টানদের বানানো কুরআন শরিফ:

খ্রিস্টানরা আরব মুসলমানদের ধোঁকা দেওয়ার জন্য কুরআন শরিফের আয়াত বিকৃত করে, মাঝে মাঝে বিভিন্ন শব্দদিয়ে তাদের মন মতো কুরআন শরিফ লিখেছে। যা দ্বারা সাধারণ মানুষ ধোঁকা খাওয়ার সম্ভাবনা রয়েছে। কিন্তু একজন আলেমের সামনে তা ধরা পরে যাবে। কারণ তাদের কুরআনের ব্যাকরণগত বহু ভুলে ভরপুর। এইগুলো আবার সুরা বানিয়েছে। তার নাম দিয়েছে ভিন্ন, যেমন সূরাতুল হায়াত, সূরাতুল কিতাব, সূরাতুল আফজাল, সূরাতু আরজ, আদ্দুআ, সুরাতুন্নাবী, সূরাতু তাসাজ্জুদ, সূরাতুল ওয়াসায়া, সূরাতুল ইমান, ইত্যাদি একটি সূরার নাম দিয়েছে ‘সূরাতুল মুসলিমুন’। সেখানে লিখেছে অর্থ,‘হে মুসলমানগণ তোমরা পথভ্রষ্টতার মধ্যে আছো।

প্রচার ও প্রচরণার অপকৌশল

নকল ইমাম তৈরী:

তারা গোপনে খ্রিস্টান দেশগুলোতে ছদ্মবেশী ইমাম তৈরী করে মুসলিম দেশে পাঠিয়ে দেয়। ইসলামের মৌলিক বিশ্বাসকে নষ্ট করে তাদের মধ্যে সংঘাত সৃষ্টি করাই হলো এর মূল উদ্দেশ্য। এ বিষয়ে মধ্যপ্রাচ্যে পাদ্রীদের সম্মেলন ‘জবাজ’ নামক এক পাদ্রী বিশেষ সভার সভাপতির ভাষণে বলেন: মুসলমানদের সাথে বিতর্কে আমরা বিজয়ী হতে পারবো না। তাই আমরা তাদের পরস্পরে ঝগড়া-বিবাদ লাগিয়ে দেয়ার কৌশল অবম্বন করেছি। এটা আমাদের সফলতার একমাত্র পথ। সুতরাং আমাদের সবাইকে দেশে বিদেশে এ ব্যাপারে কার্যকরী ব্যবস্থা নিতে হবে। তারই বাস্তবতা প্রতিফলিত হচ্ছে আমাদের দেশে।

মসজিদের খতীব খ্রিস্টান:

লালমনিরহাটের আদিদমারি থানায় দূর্গাপুর ইউনিয়নের দক্ষিণ গুপদা গ্রামে একজন খতীব সাহেব আছেন যিনি মসজিদে জুমাআর খুৎবায় এমন কিছু কথা বলেন; যা আপত্তিকর। তিনি বলেন, নামায পড়তে পড়তে যদি কারো কপালে দাগ পড়ে যায় তবুও সে জাহান্নামে যাবে। খতীব সাহেব আরো বলেন, কেয়ামাতের পূর্বে ইসা আ. আসবেন। তখন তো তাকে মানতেই হবে। তাহলে এখন মানতে অসুবিধা কোথায়? আরো বলেন, মাটির নিচের নবী উত্তম না আসমানের উপরের নবী উত্তম? যিন্দা নবী উত্তম না মৃত নবী উত্তম? ইত্যাদি। জানা গেল খতীব সাহেব আল-হানিফ কল্যাণ ট্রাস্টের একজন সক্রিয় সদস্য। আর আল-হানিফ কল্যাণ ট্রাস্ট হল, খ্রিস্টান মিশনারীর ছদ্মবেশী একটি সংস্থা।সেবার আবরণে খ্রিস্টধর্ম প্রচারই যাদের মূল লক্ষ্য।

ইসলামী নাম ধারণ:

এখন খ্রিস্টানরা তাদের দাওয়াতী কৌশল পালটিয়েছে। যারা নতুন করে খ্রিস্টান হয় তাদের নাম পরিবর্তন করে না। এখন ইসলামী কায়দায় নাম রাখতে শুরু করেছে। যেমন আব্দুল ওয়াহ্হাব, সুলতান আহমদ পৌল ইত্যাদি। তারা আরও একধাপ এগিয়ে নিজেদের খ্রিস্টান পরিচয় না দিয়ে নিজেদের পরিচয় দেয় ঈসায়ী মুসলমান। তারা কালিমাও বানিয়েছে "লা-ইলাহা ইল্লাল্লাহ ইসা মসীহুল্লাহ।"এর কারণ হলো তারা মুসলিম সমাজেই থাকতে চায়। এই নামে অন্য মুসলিমদেরকেও দাওয়াত দেওয়ার সুযোগ পায়।

মিশনারী স্কুলের মাধ্যেমে তাদের টার্গেট:

খ্রিস্টান মিশনারী প্রেরক সমিতির সভাপতি বলেন, খ্রিস্টান মিশনারীদের বড় উদ্দেশ্য, যেসব ছাত্র আমাদের স্কুলে থেকে শিক্ষাসমাপন করে বের হচ্ছে, তাদের মন-মস্তিষ্ক আমাদের ধাঁচে গড়ে তোলা। (আপনি ঢাকায় বা বাংলাদেশের প্রায় অঞ্চলে দেখবেন একটি ইসলামিক স্কুলে ছাত্র দেওয়ার চেয়ে অভিবকরা বেশি খুশি হন মিশন বা গির্জা স্কুলে ছেলে- মেয়েদের ভর্তি করতে পেরে। কারণ ইংলিশ মিডিয়ামে পড়বে, ইংরেজি বলতে পারবে, স্মার্ট হবে। বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পাবে, বহির্বিশ্বে উচ্চ শিক্ষার জন্য যেতে পারবে) তিনি বলেছেন, কোন গির্জায় স্কুলে যদি কোনো মুসলমান ছেলে পড়ে তাহলে আমাদের লাভ। কারণ নিশ্চিতভাবে বলা যায় যে, সে ইসলাম থেকে বের হয়েগেছে। জুমায় যাবে, ঈদের নামায পড়বে, মা-বাবা মারাগেলে জানাযায় যাবে কিন্তু মন মেজাজ, চিন্তা-চেতনা, ধ্যান-ধারনা, ইসলাম বিমুখ হবে। ইসলামের পক্ষে সে কথা বলবে না। বরং সে নিজের অজ্ঞাতে আমাদের মিশনারীগুলোর একজন বড় পৃষ্টপোষক হয়ে যাবে। বর্তমানে তাদের কথার প্রতিফলনের বহু নমুনা প্রত্যক্ষ করা যাচ্ছে। তিনি আরো বলেছেন: আমাদের স্কুলে যদি তাকে মেট্রিক বা ইন্টারমিডিয়েট পড়িয়ে দেয়া যায় তাহলে সে আমাদের মিশনারীর বিপক্ষে একটি টু শব্দও করবে না।

মশনারী স্কুলের মাধ্যমে যা শিক্ষা দেওয়া হয়:

দৈনিক নয়াদিগন্তের এক রির্পোট অনুযায়ী নীলফামারীতে আরো পাঁচটি সংগঠন রয়েছে, যারা ধর্মান্তরের কাজ চালিয়ে যাচ্ছে। তারা তাদের প্রতিষ্ঠিত স্কুলগুলোতে বাধ্যতামূলকভাবে যীশু খ্রিস্টের বই, যীশু খ্রিস্টের জীবনী ইত্যাদি পড়ায়। ছোটদেরকে "সিবগাতুল্লাহ" নামের একটি বই পড়ানো হয়, যাতে বাইবেলের উদ্ধৃতি দিয়ে বিভিন্ন বিষয়ের পাঠদান করে কচি বাচ্চাদের মগজ ধোলাই করা হয়। সেভেন ডে অ্যাডভেঞ্চারিস্ট এর একটি স্কুলে ছোট ছোট ছেলে- মেয়েদের বাধ্যতামূলকভাবে 'ইটারি ডে জারি'র লেখা "আমার বাইবেলের বন্ধুগণ" পড়ানো হচ্ছে। জার্মানভিত্তিক মিশন সংগঠনটি বিনামূল্যে বই খাতা পোশাক এমনকি দুপুরের খাবারসহ বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে ধর্মান্তরিত করণের কাজ চালিয়ে যাচ্ছে।মিশনারী স্কুলের এক শিক্ষার্থীর অভিভাবকের উক্তি

ময়মনসিংহ জেলার হালুয়াঘাট উপজেলার ভুবনকুড়া ইউনিয়নে। সেখানে খ্রিস্টানদের কাজ রমরমা। উপজাতীদের বসবাস বেশী। উপজাতীরা প্রায় সকলেই খ্রিস্টান। উপজাতিদেরকে খ্রিস্টান বানাতে তারা শতভাগ সফল। এবার মুসলমানদের পালা। সেখানে স্কুল খোলা হয়েছে। মুসলমান ছেলে মেয়েরা ওখানে পড়ে। খাতা কলম, চক-সিলেট তারাই সরবরাহ করে। স্কুলের পক্ষ থেকে তাদেরকে দুপরের খাবার দেওয়া হয়। অভিববক দেরকেও দেওয়া হয় বিনাসুদে ঋন। মাঝে মাঝে চাল ডালও দিয়ে থাকে। ছাত্রদেরকে পড়ায় বাইবেল ও ইঞ্জিল।

সমিতির মাধ্যমে ধর্ম প্রচার

খ্রিস্টান মিশনারীগুলো প্রত্যন্ত অঞ্চলে গ্রামে-গঞ্জে পুরুষ-মহিলাদের নিয়ে সমিতি গড়ে তুলেছে। আর সেই সমিতির সদস্যদের পড়ানো হচ্ছে বাইবেল। বিভিন্ন সিডি প্রদর্শনীর মাধ্যমে দেখানো হচ্ছে যীশুখ্রিস্টের জীবনীমূলক চলচ্চিত্র। তাদেরকে পড়ানো হয় ইঞ্জিল শরিফ নামে বাইবেল। লুকের লেখা "হযরত ঈসা মসীহ" এবং 'মুসলমান ও হিন্দুরা ১০০ ভাগ জাহান্নামী আর খ্রিস্টানরা ১০০ভাগ জান্নাতি' সহ আরো কত বিচিত্র বই। রাতের আঁধারে শিশু ও মহিলাদের দেখানো হয় বিভিন্ন সিডি। 'আগাবে' নামক একটি সমিতিতে সপ্তহে ২টাকা জামা নেয়া হয় এ বলে যে, যখন এক হাজার টাকা জমা হবে তখন তাদেরকে দশ হাজার টাকা দেয়া হবে। এ রকম লোভ দেখিয়ে তারা দরিদ্রদের হাত করছে। একজনকে ২৮ হাজার টাকার চাকরি দেয়া হবে বলে খ্রিস্টান বানিয়েছে। ইভানজেলিক্যাল ফ্রেন্ডস চার্চ ও খ্রিস্টান লাইফ অব বাংলাদেশ (সি.এল.বি)'র ইউনিয়ন ইনচার্জ নতুন রায়ের ভাষ্য মতে, ১২ই জুন ৪৫জন মুসলমান ও ১৩ই জুন ৫৬জন হিন্দুকে শিশাতলী গীর্জায় নিয়ে খ্রিস্টান বানানো হয়েছে।

যুবতী প্রচারক

খ্রিস্টান মিশনারীর নারী সদস্যরা তাবলীগের ছদ্মবেশে মুসলিম নারীদের ধর্মান্তরিত করার অপতৎপরতা চালাচ্ছে। তাদের প্রশিক্ষিত খ্রিস্টান নারীরা (ধর্মান্তরিত করার) লক্ষ্য বাস্তবায়নের জন্য মুসলমানদের সাথে বৈবাহিকসূত্রে আবদ্ধ হচ্ছে। যাতে পরবর্তী জেনারেশনই তাদের টার্গেট। এমনকি মহিলা ফেরীওয়ালাদের মাধ্যমে তারা ধর্মপ্রচার করে থাকে। তাদেরকে বিভিন্ন দায়িত্ব দিয়ে সাধারণ নারীদেরকে নাজাতের কথা বলে খ্রিস্টান বানাচ্ছে। দেশে তাদের অনেক নারী প্রচারক আছে যারা অক্লান্ত পরিশ্রম করে মুসলমানদেকে খ্রিস্টান বানায়। মানুষের ঘরে ঘরে যায়। খ্রিস্টধর্ম প্রচারের জন্য যুবতীদেরকে কাজে লাগায়। অনেক সময় আবার টার্গেট করে ছেলেদেরকে প্রেমের টোপে ফেলে খ্রিস্টধর্মে দীক্ষিত করে।

খ্রিস্টধর্ম প্রচারকদের কয়েকজন

১। ড. উইলিয়ম কেরী: তিনি পি.এইচ.ডি ডিগ্রীধারী। তিনি পশ্চিম বাংলায় কৃষি কাজ করেছেন। তার ভাষা ইংরেজী, তিনি এদেশে এসে বাংলা ভাষা শিখেন। তিনি দেখলেন, বাংলা ভাষা কোনো সাহিত্যের মানে উত্তীর্ণ নয়। এটাকে ইংরেজী ভাষার সাথে মিলিয়ে একই ফর্মে একটি উন্নত ভাষা করা যায়। তিনি বহু বছর সাধনা করে এ বাংলাকে আধুনিক বাংলায় রুপান্তরিত করেন। বাংলা ভাষার উন্নতী সাধনে তার অবদান অনস্বীকার্য। তারপর তিনি কলিকাতায় সুপিরিয়াম কলেজ প্রতিষ্ঠা করেন। তিনি নিজেই ঐ কলেজের প্রিন্সিপাল হন। তার উদ্দেশ্য ছিল বাংলা ভাষায় বাইবেল প্রচার। তখন বাংলা বর্ণনের কোনো ছাপাখানা ভারতবর্ষে ছিল না। তিনি ইংল্যান্ডে অর্ডার দিয়ে বাংলা বর্ণনের ছাপা মিশিন নিয়ে আসেন এবং বাংলা ভাষায় বাইবেল ছাপান। তিনি সর্বপ্রথম ইংরেজী বাইবেল বাংলায় অনুবাদ করেন। ভারতবর্ষের মধ্যে বিলি করেন। এমন ত্যাগ যদি বর্তমান মুসলমানদের মধ্যে থাকতো তাহলে আমাদের এত দুর্দশায় পড়তে হতো না।

২। মাদার তেরেসা: তিনি অবিবাহিতা ছিলেন। বাংলাদেশ পশ্চিম বাংলায় তার প্রতিষ্ঠিত ৩০০ এতিমখানা রয়েছে। মাদার তেরেসার এক বড় টার্গেট ছিল ২০৫০ সালের মাধ্যে বাংলাদেশকে খ্রিস্টান রাষ্ট্রে পরিণত করা।

এছাড়াও ডা. টমাস, ফাদার টর্সবারলার, টর্বেন্ডে পিটারশন, আলফ্রেডবরিণ মন্ডল, ড. অলসন খ্রিস্টান মিশনারির এসকল নেতারা বছরের পর বছর ধরে বাংলার এ দুর্গম পাহাড়ের ভিতরে জীবন যাপন করে খ্রিস্টধর্ম প্রচার করেন। আমরা ইতিহাসে সাহাবায়ে কেরামকে ধর্ম প্রচারের জন্য

যেভাবে নিবেদিত পেয়েছি এই খ্রিস্টান নেতাদের মধ্যে ধর্মপ্রচারের উৎসাহ তার চেয়ে বেশী না হলেও কম ছিল না। আমাদের ঐতিহ্য আমরা রাখতে পারিনি। আমাদের ঐতিহ্য খ্রিস্টানরা নিয়েগেছে। সেবা দিয়ে তাদের টার্গেট কি? পৃথিবীর পথে ঘাটে পড়ে থাকা শিশুদের এবং রাস্তার দ্বারে অবহেলিত জারজ সন্তানদের তাঁরা পিকআপে করে নিয়ে যায় তাদের সেন্টারে। এ শিশুদের মেধাবিদেরকে তারা শিক্ষা দীক্ষা দিয়ে ডাক্তার. পাইলট, সেনাবাহিনী ইত্যাদি বানায়। পৃথিবীর কোথাও যুদ্ধ বাধলে এদেরকে ব্যাবহার করা হয়। যেমন আফগান, ইরাকে যুদ্ধরত বহুত আমেরিকান ও ব্রিটিশ সৈন্য মারা গেছে। কিন্তু এদের অনেকের জন্য চোখের পানি ফেলার মতো কোনো আপনজন পাওয়া যায় না। কারণ এদের অধিকাংশই পথের দ্বারের অবহেলিত পরিচয়হীন জারজ সন্তান।

বাংলাদেশে যেসব প্রচারক মানুষকে খ্রিস্টান বানানোর জন্য জীবন উৎসর্গ করেছে তাদের কয়েক জনের সংক্ষিপ্ত বিবরণ।

ফাদার এনজো কর্বা, পিমে

তিনি যাজকীয় অভিষেক গ্রহণ করেন ২৮জুন ১৯৫৬ খ্রিঃ ইতালীতে । তিনি বাংলাদেশের বিভিন্ন স্থানে ধর্ম প্রচারের কাজ করেন। যেসব স্থানে কাজ করেছে নিম্নে তার একটি তালিকা দেওয়া হলো। ১৯৫৮-১৯৬০ খ্রিঃ পর্যন্ত ঠাকুরগাঁয়ের সদর থানার রুহিয়া গ্রামে ও এই অঞ্চলে খ্রিস্টধর্ম প্রচার করেন। এই রুহিয়া হলো ঠাকুরগায়ের একটি দূর্গম গ্রাম। সেখানে তারা স্কুল কলেজ প্রতিষ্ঠা করেছেন। এই অঞ্চলের আঞ্চলিক ভাষা শিখে এসেছে। এর পর তিনি ১৯৬০-১৯৬২খ্রিঃ পর্যন্ত বনপাড়ায় খ্রিস্টধর্ম প্রচার করেন। ১৯৬২-১৯৬৫খ্রিঃ পর্যন্ত বেনিদুয়ার। বেনিদুয়ার থেকে চলে আসেন দিনাজপুর জেলার সুইহারীতে। ওখানে ধর্মপচার করেন ১৯৬৫- ১৯৭২খ্রিঃ পর্যন্ত। ১৯৭২-১৯৯১খ্রিঃ পর্যন্ত খ্রিস্টধর্ম প্রচার করেন বরিশালের গৌরনদীর রাজপুরে। এরপর তিনি ধর্মপ্রচারের জন্য পাড়িজমান ফিলিপাইনে। ওখানে ১৯৯১-১৯৯৭খ্রিঃ পর্যন্ত প্রায় সাত বছর ধর্ম প্রচার করেন। এরপর আবার ফিরে আসেন বাংলাদেশে। এসে চলে যান দিনাজপুর জেলার বীরগঞ্জ থানার বটতলির পাশে সিংড়া ফরেষ্টে। ওখানে ১৯৯৭-২০১২খ্রিঃ পর্যন্ত। এই সিংরা বনে সাধরণত মানুষ খুব কম চলাফেরা করে। সেই বনের ভিতরে বিশাল গির্জা প্রতিষ্ঠা করেছে। ওই এলাকার সাঁওতালদেরকে খ্রিস্টান বানিয়েছে। অনেক মুসলমানকেও খ্রিস্টান বানিয়েছে। স্থানীয় একজন আলেমের সাথে কথা বলে জানতে পারলাম ওই গির্জার পাশে সেমিনার রুমে সাধারণ মানুষকে এনে প্রশিক্ষণ দেয়া হয়। মাঝে মাঝে এলাকার সাধারন কোনো ইমাম বা হুজুর টাইপের কাওকে ডেকে বিভিন্ন প্রশ্ন করে, উত্তর দিতে না পারলে বলে দেখেছ, মুসলমানরা প্রশ্নের উত্তর দিতে পারেনি এবং মুসলমানরা হুজুর ইসা আ. এর প্রশংসা করেছে। এর দ্বারা বুঝা গেল খ্রিস্টধর্মই সত্য। এভাবে ওই এলাকার সাধারণ মানুষকে খ্রিস্টান বানিয়েছে। সর্বশেষ ২৯নভেম্বর ২০১২সালে সেই দূর্গম এলাকায় তিনি মৃত্যুবরণ করেন। এখানেই তার কবর রচিত হয়েছে।

ফাদার মারিয়ানো পনইজনিব্বি, পিমে

তিনি যাজকীয় অভিষেক গ্রহণ করেন ১৫জুন ১৯৮৫ খ্রিঃ ইতালীতে। জন্মও তার ওখানে। তিনি বাংলাদেশে ধর্মপ্রচারের কাজ করেন বিভিন্ন স্থানে। সে সব স্থানে কাজ করেছে নিম্নে তার একটি তালিকা দেওয়া হলো। -১৯৮৯ খ্রিঃ রহানপুরে খ্রিস্টধর্ম প্রচার করেন। এর পর তিনি ১৯৯০-১৯৯৫খ্রিঃপর্যন্ত গুল্ডায় খ্রিস্টধর্ম প্রচার করেন। ১৯৯৫খ্রিঃ ধর্মপ্রচার করে মিরপুরর ও মোহাম্মদপুরে। এছাড়াও বিভিন্ন দেশে ধর্মপ্রচারের কাজ করেন। ২০০০- ২০০৩খ্রিঃ পর্যন্ত

খ্রিস্টধর্ম প্রচার করেন ইতালির বুস্তো আর সিসিওতে। ২০০৪-২০০৭খ্রিঃ পর্যন্ত প্রায় চার বছর ধর্ম প্রচার করে। এভাবে ওই ভদ্র লোক মানুষকে খ্রিস্টধর্মে দীক্ষিত করার জন্য পুরো জীবন শেষ করে দেয়। সর্বশেষ বুকিয়ানো ইতালিতে ২৫-০১-২০০৭ইং সনে মারা যান।

ফাদার কার্লো কালাঙ্কি,পিমে

তিনি যাজকীয় অভিষেক গ্রহণ করেন ২৯জুন ১৯৫২ খ্রিঃ ইতালী । বাংলাদেশসহ বিভিন্ন স্থানে খ্রিস্টধর্ম প্রচারের কাজ করেন। যে সব স্থানে কাজ করেছে নিম্নে তার একটি তালিকা দেওয়া হলো। ১৯৫৮ -১৯৬৭খ্রিঃ পর্যন্ত দিনাজপুর জেলার বীরগঞ্জ থানার নিচপড়া এলাকায় ধর্ম প্রচার করেন। এরপর তিনি ১৯৬৮-১৯৬৯খ্রিঃ পর্যন্ত ঠাকুরগাঁয়ে খ্রিস্টধর্ম প্রচার করেন। ১৯৬৯-১৯৭২ ইং সালে আবার চলে যান ইতালীর রোমে। ১৯৭২-১৯৭৭খ্রিঃ পর্যন্ত আন্ধারকোটায় কাজ করেন। এর পর আবার চলে আসেন বাংলাদেশে। ১৯৭৭-২০১৩খ্রিঃ পর্যন্ত খ্রিস্টধর্ম প্রচার করেন দিনাজপুর জেলায়। এভাবে ওই ভদ্র লোক মানুষকে খ্রিস্টধর্মে দীক্ষিত করার জন্য পুরো জীবন উৎসর্গ করেন। সর্বশেষ দিনাজপুর জেলায় ১২-০২-২০১৩ইং সনে মারা যান।

ফাদার রিনাল্ডো নাভা, এস এক্স

তিনি যাজকীয় অভিষেক গ্রহণ করেন-০৩ অক্টোবর ১৯৭৬ খ্রিঃ ,(ইতালী)। ধর্মপ্রচারের কাজ করার জন্য বাংলাদেশে আসেন ১৯৮৩ সালের অক্টোবর মাসে। ধর্ম প্রচার করেন দেশের বিভিন্ন স্থানে। প্রায় পুরোটা জীবন উৎসর্গ করেছেন। এই কাজকে তার জীবনের উদ্দেশ্য বানিয়ে ছিলেন। তার জন্ম হলো ইতালিতে। ৮-৬-১৯৫১ ইতালিতে জন্ম গ্রহন করেন। ইতালিতে থাকেননি,পাড়ি জমালেন বাংলাদেশে। সর্বশেষ যশোর জেলায় ০৪-০৭-২০১১ইং সনে মৃত্যুবরণ করেন।

ডাঃ রেমো বুকারী (জেভেরিয়ান মিশনারী ব্রাদার জন্ম: ইটালীর আভাবেললী ২৮জানুয়ারী ১৯২৮ খ্রীঃ। তিনি জীবনের ৪৮টি বছর কাটিয়েছেন যশোরের ফাতিমা হাসপাতালে। এখানে মানুষকে চিকিৎসা সেবা দিয়েছেন। আর এই চিকিৎসার আড়ালে দাওয়াত দিয়েছেন অসংখ্য মানুষকে।

খ্রিস্টানদের চ্যালেঞ্জ:

গ্রামটির নাম হলো মাদিলা হাট। সেই এলাকায় খ্রিস্টান মিশনারী ‘ওয়ার্ল্ড ভিশন সংস্থা’ এলাকার মহিলাদের গরু, ছাগল ঋণ দেয় এবং প্রতি মাসে কীভাবে পশু-পাখি লালন-পালন করবে তার প্রশিক্ষণ দেয়। প্রশিক্ষণের এক পর্যায়ে কুরআনের উপর প্রশ্ন উত্থাপন করে, ধর্মান্তরিত করার লক্ষ্য বাস্তবায়নের তৎপরতায় লিপ্ত হয় এবং গ্রাম্য সরলমনা মহিলাদেরকে এ বলে চ্যালেঞ্জ ছুঁড়ে যে, যদি তোমরা এই প্রশ্নগুলির উত্তর দিতে পার তাহলে অফিসের আমরা সকলে মুসলমান হয়ে যাব। আর যদি উত্তর না দিতে পার, তাহলে তোমরা সকলেই খ্রিস্টান হয়ে যাও। সেই মহিলারা মাদরাসার ছাত্র নাজিবুর রহমানকে প্রশ্নগুলো জানাল। নাজিব তার উস্তাদগনকে জানান, তার উস্তাদগণ জানালেন আমাদেরকে। আমাদের আগমনে এলাকায় চাঞ্চল্য সৃষ্টি হল। ঢাকা থেকে উলামায়ে কেরামের আগমন টের পেয়ে ওয়র্ল্ড ভিশনের লোকেরা হতচকিত হয়ে পড়ল। বহু চেষ্টা করেও তাদের সাথে যোগাযোগ সম্ভব হয়নি। মোবাইলও ছিল বন্ধ। এ হল মিশনারীগুলোর অবস্থা। মুখে মুখে সেবার মোহনয়ী শ্লোগান। আড়ালে জনগণের সরলতার সুযোগে ধর্মান্তরের চেষ্টা। এ ব্যাপারে এখনি সর্তক হওয়া আমাদের কর্তব্য।

মুসলিম বিশ্বে ইহুদিদের চক্রান্ত ও অত্যাচার :

আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা বলেন:

وَ إِنَّ مِنْهُمْ لَفَرِيقًا يَلْوُنَ الْسِنَتَهُم بِالْكِتَبِ لِتَحْسَبُوهُ مِنَ الكِتَبِ وَمَا هُوَ مِنَ الْكِتَبِ وَيَنُو لُوْنَ هُوَ مِنْ عِنْدِ اللَّهِ وَمَا هُوَ مِنْ عِنْدِ اللَّهِ وَيَقُولُونَ عَلَى اللَّهِ الْكَذِبَ وَهُمْ يَعْلَمُونَ(َ

"আর নিশ্চয়ই তাদের মধ্যে একদল লোক আছেই যারা কিতাবকে জিহ্বা দ্বারা বিকৃত করে যাতে তোমরা তাকে আল্লাহর কিতাবের অংশ মনে কর; কিন্তু তা কিতাবের অংশ নয় এবং তারা বলে, 'তা আল্লাহর পক্ষ হতে'; কিন্তু তা আল্লাহর পক্ষ হতে প্রেরিত নয়।"

(সূরা আ-লে 'ইমরান ৩: ৭৮)

উল্লেখ্য এখানে এ কথাই প্রতীয়মান যে, ন্যায় কথার বিকৃত ব্যাখ্যা করা, প্রতিশ্রুতি ভঙ্গ করা, মিথ্যা প্রোপাগাণ্ডা দ্বারা অপরকে বিভ্রান্ত করা এদের নীতি-নৈতিকতার অন্তর্ভুক্ত ছিল। সুতরাং বিভ্রান্তিমূলক কথাবার্তা এবং মানুষকে বিভ্রান্তিতে নিক্ষেপ করা ইয়াহূদীদের স্বভাবজাত ধর্ম। তাই এদের উপর তলার লোকগুলো মুসলিম জাতির বিরুদ্ধে নানাবিধ ষড়যন্ত্রে লিপ্ত থাকত। জাতির মধ্যে রাষ্ট্রীয় কোন্দল সৃষ্টি করা এদের প্রধান উদ্দেশ্য যেহেতু ইবলীসের যে কাজ মূলতঃ তা-ই এদের কাজ। এতেই এদের আনন্দ ও তৃপ্তি। মানুষকে বিশেষ করে মুসলিম রাজ্যের মধ্য অশান্তি লাগিয়ে তাদের ধর্ম ও চরিত্র নষ্ট করায় হচ্ছে এই ইবলিসী দলের একমাত্র লক্ষ্য ও উদ্দেশ্য।

খোলাফায়ে রাশেদীনের প্রথম দুই যুগে এরা মোটেই সুবিধা করতে পারেনি। 'উসমান ও 'আলী (রাযি.)-এর যুগে যখন মানুষ সংসার ও নেতৃত্বের মোহে ক্রমান্বয়ে আবিষ্ট হল; তখন এরা শাসক ও প্রজাগণের মধ্যে গোলযোগ সৃষ্টি করত; মুসলিম প্রশাসন যন্ত্র তছনছ করার পিছনে উঠে পড়ে লাগে। আর 'আকীদার দিক দিয়ে মুসলিম জাতিকে দ্বিধা-বিভক্ত করার জঘন্য ষড়যন্ত্র ও আপ্রাণ প্রচেষ্টা চালিয়ে আসছে। তারপর দলাদলি, একে অপরের বিরুদ্ধে লেলিয়ে দিয়ে নিজেদেরকে ক্রীড়ানক হওয়ার উপযুক্ত পাত্র হিসেবে অবুঝ যুব সম্প্রদায়কে দিয়ে ইসলামের বিরুদ্ধে প্রতিরোধ খাড়া করিয়েছে।

